

DETROIT PUBLIC SCHOOLS COMMUNITY DISTRICT

ইংরেজিতে কম দক্ষ পিতামাতা/অভিভাবকদের দোভাষ ও অনুবাদ পরিষেবাসমূহের ব্যাপারে বিজ্ঞপ্তি

Detroit Public Schools Community District উপলব্ধি করছে যে শিক্ষার্থীর সফলতার জন্য পিতামাতা ও অভিভাবকদের সাথে যোগাযোগ স্থাপন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডিস্ট্রিক্ট পরিবারদেরকে ভাষা সংক্রান্ত (মৌখিক দোভাষ, ও লিখিত অনুবাদ) পরিষেবাসমূহ দিতে অঙ্গীকারাবদ্ধ যাতে তারা ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ও কর্মকাণ্ডসমূহে অর্থবহ অ্যাক্সেস পান এবং তাদের সন্তানদের শিক্ষায় সক্রিয় ভূমিকা পালন করতে পারেন।

ইংরেজিতে কম দক্ষতা-সম্পন্ন পিতামাতা ও অভিভাবকদের সাথে কার্যকর যোগাযোগ নিশ্চিত করার জন্য বিনামূল্যে মৌখিক দোভাষ ও লিখিত অনুবাদ পরিষেবাসমূহ পাওয়া যায়। এই পরিষেবার জন্য যোগ্য হতে কোনো পিতামাতা বা অভিভাবককে ইংরেজি বলা, পাঠ ও লেখায় কম দক্ষ হবার দরকার নেই, কিন্তু এর বদলে প্রয়োজনমত ভাষা সংক্রান্ত সহায়তা পেতে একজন পিতা/মাতা বা অভিভাবকের ঐসব ক্ষেত্রের মধ্যে অন্তত একটি ক্ষেত্রে কম দক্ষ হতে হবে। অতিরিক্ত প্রমাণের প্রয়োজন ছাড়াই ডিস্ট্রিক্ট পিতামাতা বা অভিভাবকের এই দাবি মেনে নিয়েছেন যে ভাষা সংক্রান্ত সহায়তার প্রয়োজন রয়েছে।

কথ্য ভাষার জন্য একজন দোভাষী বা কোনো স্কুল নথির জন্য অনুবাদের ব্যাপারে অনুরোধ করতে অনুগ্রহ করে আপনার সন্তানের স্কুলের মূল অফিসের সাথে যোগাযোগ করুন। স্কুলের কর্মীগণ ভাষা সংক্রান্ত সহায়তা দেবার জন্য সাইট-ভিত্তিক সম্পদ (দোভাষী ও অনুবাদক) ব্যবহার করবেন। অতিরিক্ত দোভাষ বা অনুবাদ পরিষেবাসমূহের দরকার হলে, বাড়তি ভাষা সংক্রান্ত সহায়তার জন্য ডিস্ট্রিক্ট -এর অফিস অন্ড মাল্টিলিঙ্গুয়াল-মাল্টিকালচারাল এডুকেশন -এর অনুবাদ সমন্বয়কারীর সাথে যোগাযোগ করা হবে।

দোভাষ বা অনুবাদ পরিষেবাসমূহ সম্পর্কে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে অফিস অন্ড মাল্টিলিঙ্গুয়াল-মাল্টিকালচারাল এডুকেশন -এর সাথে যোগাযোগ করুন:

ফোন: 313-212-4312

ফ্যাক্স: 313-873-8596

ইমেইল: translation.request@detroitk12.org

চিঠি লেখার ঠিকানা: Detroit Public Schools
অনুবাদ সমন্বয়কারী
অফিস অন্ড মাল্টিলিঙ্গুয়াল-মাল্টিকালচারাল এডুকেশন
3011 W. Grand Blvd., 9th Floor
Detroit, MI 48202